গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
https://dgfood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৮১.৩১.০০০১.২০.৮০৮

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **আকস্মিক বন্যা/ভারী বৃষ্টিপাত হতে সরকারি গুদামে মজুত খাদ্যশস্যের নিরাপত্তা নিশ্চিতকরণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্ষা মৌসুমে প্রবল বৃষ্টিপাত, পাহাড়ী ঢল, উজানের পানি, জ্বলোচ্ছাস ইত্যাদি কারণে পানি বৃদ্ধির ফলে দেশের বিভিন্ন জেলাসমূহে প্রায় প্রতি বছর হঠাৎ বন্যা দেখা দিয়ে থাকে। বন্যা/জলাবদ্ধতার কারণে সরকারি গুদামে খাদ্যশস্যের যাতে ক্ষয়ক্ষতি না হয় সে লক্ষ্যে খাদ্যগুদামসমূহের মজুত খাদ্যশস্যের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো:

(১) কোন জায়গায় বন্যা ভারী বৃষ্টিপাত/পাহাড়ী ঢল/জলাবদ্ধতা দেখা দেওয়া মাত্র গুদামে মজুত খাদ্যশস্য যথাযথভাবে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দ্রুত কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(২) গুদামে মজুত খাদ্যশস্যের পাশাপাশি সরকারি সম্পদ, স্থাপনা, রেকর্ডপত্র ইত্যাদি কোনক্রমেই বন্যার পানিতে ক্ষতিগ্রস্থ না হয় সেজন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৩) বন্যার পানি যাতে কোন গুদামে প্রবেশ করতে না পারে সে বিষয়ে পূর্বেই যথোপযুক্ত প্রস্তুতি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে; প্রয়োজনে গুদামের প্রবেশপথে পানিরোধক দেওয়াল (Baffle Wall) তৈরি করে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৪) বন্যা সংক্রান্ত ব্যাপারে পত্র-পত্রিকা, রেডিও এবং টেলিভিশনে প্রচারিত হালনাগাদ সতর্কতা সংক্রান্ত সংবাদের ওপর গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তৎপর থাকতে হবে;

(৫) দুর্যোগ সতর্কতা ঘোষিত উপজেলা ও জেলায় অবস্থিত খাদ্য বিভাগীয় স্থাপনাসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকতে হবে;

(৬) দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত সরকারের স্থায়ী নির্দেশনাবলী এবং স্থানীয় দুর্যোগ ব্যবস্থা কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুসরণে দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে;

(৭) নদীর নিকটস্থ সম্ভাব্য বন্যাক্রান্ত ভালনারেবল গুদামে নূন্যতম প্রয়োজনীয় খাদ্যশস্য মজুত রেখে খাদ্য অধিদপ্তরকে অবহিত রেখে চলাচল নীতিমালা অনুসরণ করে অতিরিক্ত খাদ্যশস্য অন্যত্র নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে;

(৮) জেলার সম্ভাব্য বন্যা/দুর্যোগ সংক্রান্ত পূর্বাভাসের তথ্যাদি অবহিত হওয়া এবং দুর্যোগ পরিস্থিতি হতে সরকারি গুদামের মজুত খাদ্যশস্য নিরাপত্তাকল্পে বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, পানি উন্নয়ন বোর্ড ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের সহযোগিতা গ্রহণের জন্য খাদ্য বিভাগের কর্মকর্তাগণকে তৎপর থাকতে হবে;

(৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক স্ব স্ব দপ্তরে কন্ট্রোল রুম স্থাপনপূর্বক প্রতিদিন সকাল ১০ টার মধ্যে এ সংক্রান্ত পূর্বের দিনের প্রতিবেদন (সংযুক্ত ছকে) আবশ্যিকভাবে প্রেরন করতে হবে। যে কোন জরুরী অবস্থার বিষয়ে তৎক্ষণাৎ অবহিত করার জন্য চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সহকারী উপপরিচালক (চপরেস), মোঃ আনিছুর রহমান, মোবাইল

নম্বর-০১৭১২১৩৬৬৩৭ এবং মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয়ের টেলিফোন নম্বরে ০২-৪১০৫৩৭৭৭ এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৯-০৭-২০২৬
মোঃ আব্দুস সালাম
পরিচালক
ফোন : +৮৮-০২-৪১০৫০৬৯৬
ফ্যাক্স : +৮৮-০২-৪১০৫০৬৯৪
ইমেইল : dmss@dgfood.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো, বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট/ময়মনসিংহ স্টিল সাইলো/মধুপুর স্টিল সাইলো, টাঙ্গাইল।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ..............................।
৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৮১.৩১.০০০১.২০.৮০৮/১ (৬)

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ..........................................................................................।
৭। ব্যবস্থাপক/এসএন্ডএমও, ........................সিএসডি/এলএসডি, .............................................।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল), ..........................................................................................।

০৯-০৭-২০২৬
মোঃ আব্দুস সালাম
পরিচালক